অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/13/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মোবাইল অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিস সম্প্রসারণ করতে প্রায় 1 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা দিয়েছেন

স্টেটের পাঁচটি অঞ্চলের সেবা প্রদানকারীদের তহবিল প্রদান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা পাঁচটি অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিস প্রদানকারীকে 972,717 মার্কিন ডলারের তহবিল প্রদান করা হয়েছে যাতে তারা মোবাইল ট্রিটমেন্ট সংক্রান্ত বাহনগুলো ক্রয় করতে পারে এবং সেগুলো পরিচালনা করতে সক্ষম হয়। এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে স্টেটের পিছিয়ে পড়া অঞ্চলগুলোতে অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিসের প্রাপ্যতা এবং প্রবেশাধিকার সম্প্রসারিত করা। তহবিল নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports, OASAS) দ্বারা বরাদ্দ হচ্ছে এবং ফেডারেল স্টেট অপিওয়েড রেসপন্স গ্রান্ট (State Opioid Response Grant)-এর মাধ্যমে প্রদান করা হয়।

"যেহেতু আমরা COVID-19-এর বিস্তার সীমিত করতে এবং জনস্বাস্থ্য রক্ষার জন্য আমাদের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি তাই আমাদের অবশ্যই চলমান অপিওয়েড মহামারী সম্পর্কে সচেতন থাকতে হবে," **গভর্নর কুওমো বলেন**। "যখন আমরা আসক্তির ভয়াবহ সংকটের বিরুদ্ধে লড়াই করছি তখন নিউ ইয়র্কবাসীদের জীবন রক্ষাকারী সেবাসমূহে প্রবেশাধিকার প্রসারিত করার জন্য অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিসে এই প্রভাব বিস্তারকারী বিনিয়োগ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর জন্য প্রয়োজনীয় সম্পদ নিশ্চিত করতে সাহায্য করবে।"

স্টেটের হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (Heroin and Opioid Abuse Task Force)-এর সহ-সভাপতি লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, "আসক্তির সাথে সংগ্রামকারী ব্যক্তি এবং পরিবারকে সাহায্য করার জন্য আমরা স্টেট জুড়ে চিকিৎসা সেবায় বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ। মোবাইল ট্রিটমেন্ট সম্প্রসারণের জন্য এই তহবিল স্টেটের পাঁচটি অঞ্চলে প্রয়োজনীয় যত্ন এবং সেবা ব্যবস্থায় গুরুত্বপূর্ণ প্রবেশাধিকার নিশ্চিত করতে সাহায্য করবে। বিশেষভাবে করে COVID-19 মহামারীর সময়, আমরা নিশ্চিত করতে চাই যে মানুষ যেন সুস্থ এবং নিরাপদ জীবন যাপন করতে পারে এবং সেইসাথে নিউ ইয়র্কে অপিওয়েড মহামারী মোকাবেলায় আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে চাই।"

বিগত কয়েক বছর ধরে, নিউ ইয়র্ক তার মোবাইল ট্রিটমেন্ট সক্ষমতা ব্যাপকভাবে প্রসারিত করেছে। 2017 সালে, স্টেট পুরো স্টেট জুড়ে উচ্চ চাহিদা সম্পন্ন কাউন্টিগুলোতে সেবা প্রদানের জন্য সেন্টার্স অব ট্রিটমেন্ট ইনোভেশন (Centers of Treatment Innovation, COTI) স্থাপন করেছে। আসক্তিতে আক্রান্ত ব্যক্তি, যারা পূর্বে চিকিৎসা সেবার আওতায় ছিলেন না বা চিরাচরিত চিকিৎসা পদ্ধতির মাধ্যমে যারা সুস্থ হতে পারেননি, তাদের সাথে যোগাযোগ স্থাপনের উপর COTI নজর দেয়। মোবাইল ট্রিটমেন্টসহ COTI সেবা, অপ্রচলিত উপায়ে 13,000 নিউ ইয়র্কবাসীরও বেশি জনকে চিকিৎসায় নিয়োজিত করতে সাহায্য করেছে এবং সরবরাহকারীদের পূর্বে অনগ্রসর থাকা এলাকাগুলোতে তাদের সেবাদান কার্যক্রম প্রসারিত করতে সাহায্য করেছে।

OASAS কমিশনার আরলিন গঞ্জালেজ-সানচেজ বলেন "মোবাইল ট্রিটমেন্ট সার্ভিসেস ঐতিহ্যবাহী সেবার জন্য একটি গুরুত্বপূর্ণ সম্পূরক এবং হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে গুরুত্বপূর্ণ জীবন রক্ষাকারী চিকিৎসার সাথে যুক্ত হওয়ার সুযোগ করে দিয়েছে। আসক্তি একটি জনস্বাস্থ্য সংকট এবং গভর্নর কুওমো আসক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা প্রতিষ্ঠা এবং সম্প্রসারণে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ। এই তহবিল এই ধরনের আসক্তিতে আক্রান্ত ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ক স্টেট জুড়ে জাতীয় নেতৃস্থানীয় সাহায্যকে আরো শক্তিশালী করবে।"

নিউ ইয়র্ক স্টেটের সরবরাহকারীরা দুই ধরনের মোবাইল ট্রিটমেন্ট বাহন ব্যবহার করে:

- পরিবর্তিত ভ্যানগুলোর কাউন্সেলিং সার্ভিস ব্যক্তিগতভাবে বা একটি ছোট গ্রুপে এবং টেলি-প্রাকটিসের মাধ্যমে সেবাদানের সক্ষমতা রয়েছে
- বাথরুম, পরীক্ষার জায়গা, টেলি-প্র্যাকটিসের সামর্থ্য এবং বহির্বিভাগের রোগীদের সামগ্রিক সেবা সরবরাহ করার সক্ষমতা সম্পন্ন পরিপূর্ণ "মোবাইল ক্লিনিক"।

তহবিল গ্রহণকারী প্রতিটি সরবরাহকারী তালিকাভুক্ত অঞ্চল জুড়ে সেবা প্রদান করবে।

ফিঙ্গার লেকস

- হুথার ডয়েল (Huther Doyle): 215,488 মার্কিন ডলার

লং আইল্যান্ড

- সেন্ট্রাল নাসাউ গাইডেন্স (Central Nassau Guidance): 208,554 মার্কিন ডলার

নিউ ইয়র্ক সিটি

- ব্রিজিং অ্যাক্সেস টু কেয়ার (Bridging Access to Care): 225,000 মার্কিন ডলার

সাউদার্ন টায়ার

- ফিঙ্গার লেকস এরিয়া কাউন্সেলিং অ্যান্ড রিকভারি এজেন্সি (Finger Lakes Area Counseling and Recovery Agency): 100,000 মার্কিন ডলার

পশ্চিম নিউ ইয়র্ক

- বেস্ট সেলফ (Best Self): 223,675 মার্কিন ডলার

পদগ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাত দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আক্রমণাত্মক, বহুমাত্রিক পথ বেছে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে, গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা এবং ওপেন অ্যাক্সেস সেন্টার যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবা প্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে, এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই যাতে প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ এবং শিক্ষার উন্নয়নে আইন প্রণয়ন, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনতে আইন প্রণয়ন, সর্বোপরি বীমার সীমাবদ্ধতা দূর করার মাধ্যমে মেডিকেল বা সার্জিক্যাল সেবার আওতার সমতুল স্তরে এবং দ্রুততর চিকিৎসা লাভে মানুষকে সমর্থ করতে আইন প্রণয়নকারী এবং নিয়ন্ত্রণমূলক সংস্কারের জন্য গভর্নর অগ্রসর হয়েছেন। এছাড়াও রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সনের প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করার জন্য কাজ করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 420,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজের বিপরিতকরণ ওষুধ নিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছেন। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও প্রত্যাশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকবে।

FindAddictionTreatment.ny.gov এ NYS অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্ট

(Office of Addiction Services and Supports, OASAS)-এর চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড ব্যবহার করে অথবা NYS OASAS-এর ওয়েবসাইটের মাধ্যমে সঙ্কট/ডিটক্স, ইনপেশেন্ট, কমিউনিটির বাসিন্দা বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তির চিকিৎসা পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন